

# মিলেমিশে একাকার ঢাকা মেডিকেল কলেজের শিক্ষার্থীরা

## মেডিকেল প্রতিনিধি

প্রকাশিত: ১৯:২৪, ১০ জুলাই ২০২৩



৭৮তম ডিএমসি ডে উদ্বোধন করেন স্বাস্থ্যমন্ত্রী-সহ অন্যরা। ছবি: জনকর্ত

নবীন কিংবা প্রবীন, বর্তমান কিংবা সাবেক, অথবা ছাত্র আর শিক্ষক; মিলেমিশে একাকার আজকের এই দিনটি। বলছি- ঢাকা মেডিকেল কলেজের ৭৮তম ডিএমসি ডের কথা। অত্যন্ত আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে দিনটি পালন করছেন ঢাকা মেডিকেল কলেজের অধ্যয়নরত সকল শিক্ষার্থীরা। যাদের অধিকাংশই এখন অবসরপ্রাপ্ত ও বয়জ্যেষ্ঠ।

সোমবার (১০ জুলাই) সকাল সাড়ে ৮টায় আনন্দ শোভাযাত্রার মধ্য দিয়ে দিনটির আনুষ্ঠানিকতায় প্রবেশ করেন তারা। এরপর উদ্বোধনী অনুষ্ঠান, ক্রীড়া প্রতিযোগিতাসহ চলে নানা আয়োজন।



কলেজটির শিক্ষার্থী শহীদ ডা. শামসুল আলম খান মিলনের নামে নামকরণ করা অডিটোরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে বক্তব্য দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত হন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক।

দিনটির অপরাহ্নে কলেজ ক্যাম্পাসে আপন মনে ঘুরতে দেখা যায় কলেজটির শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ডা. দেবেশ চন্দ্র তালুকদারকে। যিনি এই কলেজেরই একজন সাবেক শিক্ষার্থী।

আলাপরাচিতায় ডা. দেবেশ বলেন, সকাল সাড়ে ৮টায় র্যালির মধ্য দিয়ে ডিএমসি-ডে শুরু হয়। এরপর সকালের নাস্তা, সায়েন্টিফিক সেমিনার ছিলো। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রীসহ অতিথিরা যোগ দেন। সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে ডিএমসি ডে'র অনুষ্ঠান আজকের মতো সমাপ্তি হবে।

সব মিলিয়ে আজকে একটি আনন্দ মেলা ছিল। সবকিছু ভুলে আমরা মনে করি, আমাদের সবার প্রিয় প্রাঙ্গণ ডিএমসি এবং দিনশেষে আমরা সবাই ডিএমসিয়ান।

কলেজটিরই সাবেক শিক্ষার্থী ডা. এ এম তানভির সাদাত। বর্তমানে কর্মরত রয়েছেন কুড়িগ্রামে। কথা হয় তার সঙ্গে। তিনি বলেন, দিনটি আসলেই অসাধারণ। আমরা যারা বর্তমানে ক্যাম্পাসে নাই; দেখা যাচ্ছে বছরে এই একটি দিন ক্যাম্পাসে আসা হয়। বন্ধু-বন্ধব, সিনিয়র স্যারদের সঙ্গে

দেখা হয়। তাদের কাছ থেকে বিভিন্ন পরামর্শ পাই। নতুনদের সঙ্গে পরিচয় হয়। এই দিনটি পুরো ক্যাম্পাসে উৎসবমুখর একটি পরিবেশ থাকে।

তিনি বলেন, কোভিড-১৯ কালীন কয়েক বছর ডিএমসি ডে বন্ধ ছিল। কয়েক বছর পর আজ আবার উদযাপন হচ্ছে। সবমিলিয়ে সাজানো গোছানো ভাবে আয়োজন করা হয়েছে। আমরা খুবই উপভোগ করছি।

একই প্রতিক্রিয়া দেখা যায় এদিন আগত সকলের মাঝে। যে যার মতো আবার দলবন্ধ হয়ে উপভোগ করছে আয়োজন।